

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮১০

আগরতলা, ২১ জুলাই, ২০২৪

ভীরাম্মা কালি মন্দিরের রথ পরিক্রমা উৎসবের উদ্বোধন
ভীরাম্মা কালি মন্দির ভবিষ্যতে ত্রিপুরার ধর্মীয়
পর্যটনের একটি উল্লেখযোগ্য স্থান হয়ে উঠবে : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু আজ মেলাঘরে শ্রী শ্রী ভীরাম্মা কালি মন্দিরের রথ পরিক্রমা উৎসবের উদ্বোধন করেন। মেলাঘরের রাঙামুড়ায় নবম ভীরাম্মা কালি রথ পরিক্রমা উৎসবের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, ভীরাম্মা কালি মন্দির ভবিষ্যতে ত্রিপুরার ধর্মীয় পর্যটনের একটি উল্লেখযোগ্য স্থান হয়ে উঠবে। এখানে ভবিষ্যতে ব্যাপক সংখ্যায় ধর্মীয় পর্যটকের সমাগম হবে। রাজ্যপাল কালি মন্দিরে পূজা দেন এবং রাজ্যবাসীর জন্য আশির্বাদ কামনা করেন। ২০১৫ সালে রাঙামুড়ায় ভীরাম্মা কালি মন্দির স্থাপন করা হয়। এখানে পর্যায়ক্রমে দক্ষিণ ভারতীয় স্থাপত্য রীতিতে ২৭৪ ফুট উঁচু মন্দির গড়ে তোলা হবে।

রথ পরিক্রমা উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা পাল ঘোষ, বিধায়ক কিশোর বর্মণ, সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল, পুলিশ সুপার বি জে রেড্ডি, স্বাগত বক্তব্য রাখেন ভীরাম্মা কালি মন্দিরের পক্ষে ভীরামণি। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
